# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৪৩৩

পর্ব-১০: আল্লাহ তা‘আলার নামসমূহ (كتاب اسماء الله تعالٰى)

পরিচ্ছেদঃ ৫. দ্বিতীয় অনুচ্ছেদ - বিভিন্ন সময়ের পঠিতব্য দু‘আ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَنْ جَلَسَ مَجْلِسًا فَكَثُرَ فِيهِ لَغَطُهُ فَقَالَ قَبْلَ أَنْ يَقُومَ: سُبْحَانَكَ اللَّهُمَّ وَبِحَمْدِكَ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا أَنْتَ أَسْتَغْفِرُكَ وَأَتُوبُ إِلَيْكَ إِلَّا غُفِرَ لَهُ مَا كَانَ فِي مَجْلِسِهِ ذَلِكَ . رَوَاهُ التِّرْمِذِيّ وَالْبَيْهَقِيّ فِي الدَّعْوَات الْكَبِير

বাংলা

২৪৩৩-[১৮] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি কোন মাজলিসে (বৈঠকে) বসে অনর্থক কথা বলল, আর বৈঠক হতে ওঠার আগে বলে,

’’সুবহা-নাকা আল্ল-হুম্মা ওয়া বিহাম্‌দিকা, আশহাদু আল্লা- ইলা-হা ইল্লা- আন্‌তা আস্‌তাগফিরুকা ওয়া আতূবু ইলায়কা’’

(অর্থাৎ- হে আল্লাহ! আমি তোমার প্রশংসার সাথে তোমার পাক-পবিত্রতা বর্ণনা করছি। আমি সাক্ষ্য দিচ্ছি, তুমি ছাড়া প্রকৃতপক্ষে আর কোন মা’বূদ নেই। আমি তোমার কাছে ক্ষমা চাই এবং তোমার কাছে তওবা্ করছি।)।

তাহলে ঐ মাজলিসে সে যা (ক্রটি-বিচ্যুতি) করেছে আল্লাহ তা’আলা তা ক্ষমা করে দেবেন। (তিরমিযী, বায়হাক্বী- দা’ওয়াতুল কাবীর)[1]

ফুটনোট

[1] সহীহ : তিরমিযী ৩৪৩৩, আহমাদ ১৯৮১২, দারিমী ২৭০০, মুসতাদারাক লিল হাকিম ১৯৭১, আল কালিমুত্ব ত্বইয়্যিব ২২৩, সহীহ আত্ তারগীব ১৫১৬, সহীহ আল জামি‘ ৬১৯২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (سُبْحَانَكَ اَللّٰهُمَّ وَبِحَمْدِكَ...) এটা আল্লাহ তা‘আলার বাণীঃ ‘‘আপনি আপনার পালনকর্তার সপ্রশংসা পবিত্রতা ঘোষণা করুন, যখন আপনি দন্ডায়মান হন।’’ (সূরা আত্ তূর ৫২ : ৪৮)

‘আত্বা (রহঃ) বলেনঃ প্রতিটি বৈঠকে, অর্থাৎ- যে কোন বৈঠক (ভাল কাজের) শেষে এ দু‘আটি পাঠ করতে হয়। মুসতাদরাক আল হাকিম-এ রয়েছে- কোন দল কোন বৈঠকে বসল, অতঃপর সেখানে দীর্ঘ সময় কথা বলল। এরপর কতক লোক দাঁড়ানোর পূর্বেই এ দু‘আটি (সুবহা-নাকা আল্ল-হুম্মা ওয়া বিহামদিকা, আশহাদু আল্লা- ইলা-হা ইল্লা- আনতা আসতাগফিরুকা, ওয়া আতূবু ইলাইক) একজন বলল।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56993

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন